গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সম্মেলন কক্ষ (ভবন নং# ৩, কক্ষ নং#৩৩২)
তারিখ ও সময় : ২১.০৬.২০২৩ খ্রিঃ, বেলা: ০৩:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার শুরুতেই বলেন, স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চার গুরুত্ব অপরিসীম। শুদ্ধাচার চর্চার মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে সেবাধর্মী আচরণ প্রতিষ্ঠা, জবাবদিহিতার নিশ্চিত ও দূর্নীতি নির্মূল সম্ভব। তিনি করোনা মোকাবেলায় বর্তমান সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপগুলো শুদ্ধাচার চর্চার মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়ন অব্যাহত রাখতে বলেন। সভাপতির অনুমতিক্রমে জনাব সুজিৎ দেবনাথ, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে গত ৩০.০৩.২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | সভায় ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং আগামী ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>গত সভার সিদ্ধান্ত মোতাবেক সংশোধিত কর্মপরিকল্পনা ওয়েবসাইটে আপলোডপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন ১২ এপ্রিল/২৩ মাসের মধ্যে ওয়েবসাইটে আপলোডপূর্বক মন্ত্রিপরিষদে প্রেরণ করা হয়েছে। দপ্তর/সংস্থা ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করেছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br>সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২৩) প্রতিবেদন ১৩ জুলাই/২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোডপূর্বক মন্ত্রিপরিষদে প্রমাণকসহ প্রেরণ করতে বলেন। এছাড়া, সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়। | ১) ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২৩) প্রতিবেদন ১৩ জুলাই/২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোডপূর্বক মন্ত্রিপরিষদে প্রমাণকসহ প্রেরণ করতে হবে।<br>২) ২০২৩-২০২৪ অর্থবছরের স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়। | সংশ্লিষ্ট অনুবিভাগ/প্রশাসন-৪ |
| ২.২ | সভায় ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি<br>প্রাতিষ্ঠানিক ব্যবস্থা :<br>১.১ নৈতিকতা কমিটির সভা: সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। | ১) সভায় বাস্তবায়ন ও প্রমাপযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | প্রশাসন-৪ |

| | | | |
|---|---|---|---|
| | ১.২: নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন: সভায় নৈতিকতা কমিটির তৃতীয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। গত সভার গৃহীত সিদ্ধান্তের শতভাগ বাস্তবায়িত হয়েছে মর্মে জানানো হয়। সভাপতি বাস্তবায়ন ও প্রমাপযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করতে নির্দেশনা দেন।<br>১.৩: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা: কর্মপরিকল্পনানুযায়ী অংশীজনের দুটি সভায় অনুষ্ঠিত হয়েছে মর্মে জানানো হয়।<br>১.৪: শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন: লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত ৩ কোয়ার্টারে ২০০ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে মর্মে সভাকে অবগত করা হয়।<br>১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন:<br>১) নথি বিনষ্টকরণ নিষ্পত্তিকরণ নিমিত্ত গত সভার সিদ্ধান্ত মোতাবেক সকল শাখাকে গ ও ঘ শ্রেণীর বা বিনষ্টযোগ্য নথি তালিকা প্রেরণে ২৭.০৩.২০৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখাকে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নপূর্বক প্রশাসন-২ শাখায় দ্রুত প্রেরণের নির্দেশনা প্রদান করেন।<br>২) কর্মপরিবেশের উন্নয়নকল্পে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির লক্ষ্যে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিত কর্মপরিবেশ উন্নয়নমূলক কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। রোস্টার খাতা মেইনটেইন করা হচ্ছে।<br>৩) লাইব্রেরী শাখার ওয়াশরুম সংস্কারপূর্বক মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে।<br>৪. টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণে সভাপতি প্রশাসন-২ শাখাকে দ্রুত পদক্ষেপ নিতে বলেন।<br>১.৬ ফিডব্যাক ওয়ার্কশপ: কর্মপরিকল্পনায় ৩টি ফিডব্যাক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। | ২) আগামী কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাগুলোকে নির্ধারিত সময়ে অর্জন করার প্রতি জোর দিতে হবে। | |
| ২.৩ | আর্থিক ব্যবস্থাপনা ও উন্নয়ন:<br>সভায় বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ও পিআইসি সভা এবং প্রকল্প শেষে সম্পদ হস্তান্তরবিধি সম্পর্কিত বিশদ আলোচনা হয়।<br>২.১ রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ: নির্ধারিত সময়ে রাজস্ব খাতের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। উন্নয়ন খাতের ক্রয় পরিকল্পনা অনুমোদন সাপেক্ষে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে মর্মে জানানো হয়। প্রকল্প/অপারেশনাল প্ল্যাণের বার্ষিক ক্রয় পরিকল্পনা শুদ্ধাচার কর্মপরিকল্পনার নির্ধারিত সময়ে ওয়েবসাইটে আপলোড করায় বড় চ্যালেঞ্জ মর্মে জানানো হয়।<br>২.১ ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ: সভাপতি ২০২৩-২০২৪ অর্থবছরের অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন।<br>২.২ বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন: ৩য় কোয়ার্টারের নির্ধারিত প্রমাপ মোতাবেক রাজস্বখাতের ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত হয়েছে মর্মে জানানো হয়। সভাপতি ২০২৩-২০২৪ অর্থবছরের শুরু থেকেই উন্নয়ন ও রাজস্বখাতের ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | ১) ২০২৩-২০২৪ অর্থবছরের অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) ২০২৩-২০২৪ অর্থবছরের শুরু থেকেই উন্নয়ন ও রাজস্বখাতের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। | উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন: ৩য় কোয়ার্টারের নির্ধারিত প্রমাপ মোতাবেক বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত হয়েছে।<br>২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন: মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ৭৬টি PSC এবং ১৩২টি PIC সভা আয়োজন করতে হবে। ৩য় কোয়ার্টারে ১০ (PSC) ও ১২ (PIC) সভা অনুষ্ঠিত হয়েছে। প্রতি কোয়ার্টারে প্রমাপ মোতাবেক (PSC) ও (PIC) সভা অনুষ্ঠান করা চ্যালেঞ্জ হয়ে দাড়িয়েছে মর্মে জানানো হয়।<br>২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের বিধি মোতাবেক হস্তান্তর: গোপালগঞ্জে এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড প্রকল্প ১ বছর বৃদ্ধি পেয়ে (৩য় সংশোধিত) ডিসেম্বর, ২০২৩ শেষ হচ্ছে। কাজেই চলতি অর্থবছরে কোন প্রকল্প শেষ হচ্ছে না। | | |
| ২.৪ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:<br>৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ: সরকারী যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি মন্ত্রিপরিষদের নির্দেশনা মোতাবেক সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে নির্দেশনা প্রদান করেন।<br><br>৩.২ ফেনী ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের স্টক ম্যানেজমেন্টের স্বচ্ছতা নিশ্চিতকরণের নিমিত্ত সফটওয়্যারটি গত মার্চ/২০২৩ মাসে চালু করা হয়েছে মর্মে এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর সভাকে অবহিত করে। সভাপতি ফেনী জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ককে সফটওয়্যারটি চালু হয়েছে মর্মে প্রত্যয়ন পত্র দিতে বলেন।<br><br>সভাপতি ২০২৩-২০২৪ অর্থবছরের মধ্যে দেশের সকল জেলা হাসপাতাল এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্টক ম্যানেজমেন্ট সফট্ওয়্যারটি চালু করার জন্য প্রশাসন-৪ কে পত্র প্রেরণ করতে বলেন। এছাড়াও তিনি স্টক ম্যানেজমেন্টের কাজে নিয়োজিতদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে বলেন।<br><br>৩.৩ বগুড়া জেলার ২৫০ শয্যা বিশিষ্ট মোহাম্মদ আলী হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দৌলতখান, ভোলা আউটসোসিয়ের বেতন শতভাগ একাউন্ট পে নিশ্চিত হচ্ছে মর্মে তত্ত্বাবধায়ক ও উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ত্রৈমাসিক ভিত্তিতে প্রত্যয়ন পত্র প্রেরণ করছে মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়া হাসপাতাল পরিদর্শনের সময় কর্মকর্তাগণ আউটসোর্সিংদের শতভাগ একাউন্ট পে নিশ্চিত করার বিষয়টি তদারকি করছেন।<br><br>৩.৪ ২৫০ শয্যা জেলা হাসপাতাল নীলফামারীতে ভর্তিকৃত রোগীদের ঔষধ বিতরণে স্বচ্ছতা আনয়নের নিমিত্ত সফটওয়্যাটি গত মার্চ/২০২৩ মাসে চালু করা হয়েছে মর্মে | ১) মন্ত্রিপরিষদের নির্দেশনা মোতাবেক সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br><br>২) ফেনী ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারটি চালু হয়েছে মর্মে তত্ত্বাবধায়ক একটি প্রত্যয়ন পত্র প্রশাসন-৪ শাখায় প্রেরণ করবেন।<br><br>৩) ২০২৩-২০২৪ অর্থবছরের মধ্যে দেশের সকল জেলা হাসপাতাল এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্টক ম্যানেজমেন্ট সফট্ওয়্যারটি চালু করার জন্য প্রশাসন-৪ পত্র প্রেরণ করবে।<br><br>৪) হাসপাতালে স্টক ম্যানেজমেন্টের কাজে নিয়োজিতদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ ও দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| | এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর সভাকে অবহিত করেন। ২৫০ শয্যা বিশিষ্ট নীলফামারী জেলা হাসপাতালের তত্ত্বাবধায়ক সফট্ওয়্যারটি চালু হয়েছে মর্মে প্রত্যয়ন প্রদান করেছে। | | |
| | **নৈতিকতা কমিটির কার্যপরিধিভুক্ত বিষয় নিয়ে আলোচনা:**<br>গত সভায় নৈতিকতা কমিটির কার্যপরিধি নিয়ে আলোচনার সময় কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিভিন্ন চ্যালেঞ্জ এবং মোকাবেলার বিভিন্ন কৌশল নিয়ে আলোচনা হয়।<br><br>গত সভার সিদ্ধান্ত মোতাবেক হাসপাতাল পরিদর্শনের জন্য তৈরিকৃত নতুন ফরমে এপিএ/শুদ্ধাচার অংশটি অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়।<br><br>স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তাগণ দেশের হাসপাতালসমূহ পরিদর্শন করছেন এবং প্রতিবেদন দাখিল করছেন। হাসপাতাল পরিদর্শন এবং সুপারিশগুলো বাস্তবায়ন হয়েছে কিনা তা মনিটরিং করা অন্যতম চ্যালেঞ্জ মর্মে সভায় উল্লেখ করা হয়। সভাপতি হাসপাতাল পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়ন ফলোআপ করার জন্য মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান শাখাকে নির্দেশনা প্রদান করেন।<br><br>এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, বর্তমানে দেশের প্রায় ৫৪টি হাসপাতালে অটোমেশন চালু আছে। ৫০টি হাসপাতালে অটোমেশন বাস্তবায়নের পর্যায়ে রয়েছে। ডিপিপির মাধ্যমে আগামীতে ৬২৩টি হাসপাতালকে অটোমেশনের আওতায় আনার পরিকল্পনা রয়েছে। সভাপতি ২০২৪ সালের মধ্যে পর্যায়ক্রমে দেশের সকল হাসপাতাল অটোমেশন চালুর মাধ্যমে স্বাস্থ্যসেবায় শৃংখলা আনতে বলেন।<br><br>ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের দীর্ঘ সূত্রীতা স্বাস্থ্যসেবা খাতের এডিপি/বাজেট বাস্তবায়নের আরেকটি চ্যালেঞ্জ।<br>সভাপতি হাসপাতাল অনুবিভাগ ও উন্নয়ন অনুবিভাগের সমন্বয়ের মাধ্যমে ক্রয় পরিকল্পনা দ্রুত প্রণয়ন ও বাস্তবায়ন করতে অনুরোধ জানান। তিনি প্রয়োজনে সরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান-১ কে সমন্বয়কের দায়িত্ব প্রদান করেন। তিনি ক্রয় পরিকল্পনা তাৎক্ষনিক, স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী তিনভাবে বাস্তবায়ন করতে বলেন। এছাড়া, তিনি প্রতি অর্থবছর ৩১ জুলাইয়ের মধ্যে ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগের অনুমোদন নিতে বলেন।<br><br>তিনি আরো বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলা হাসপাতালসমূহের ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা অর্পন সংক্রান্ত অনুশাসন মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ১) মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান হাসপাতাল পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলোর বাস্তবায়ন ফলোআপ করবে।<br><br>২) পর্যায়ক্রমে দেশের সকল হাসপাতালগুলোতে অটোমেশন চালুর মাধ্যমে স্বাস্থ্যসেবায় শৃংখলা আনতে হবে।<br><br>৩) হাসপাতাল অনুবিভাগ ও উন্নয়ন অনুবিভাগের সমন্বয়ের মাধ্যমে ক্রয় পরিকল্পনা দ্রুত প্রণয়ন ও বাস্তবায়ন করবে। সরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান-১ সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।<br>৪) প্রতি অর্থবছর ৩১ জুলাইয়ের মধ্যে ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগের অনুমোদন নিতে হবে।<br><br>৫) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলা হাসপাতালসমূহের ক্রয় পরিকল্পনা অনুমোদনের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা অর্পন সংক্রান্ত অনুশাসন মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ/ দপ্তর/ এপিএ টিম |

৩. এজেন্ডাভিত্তিক আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
০৫.০৭.২০২৩
(ড.মু: আনোয়ার হোসেন হাওলাদার)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০৭.২০- ১৪৫

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩০ / ০৬ জুলাই,২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর চূড়ান্ত প্রতিবেদন (প্রমাণকসহ) এবং উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) অগ্রগতি প্রতিবেদন আগামী ১২.০৭.২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**মন্ত্রণালয়/বিভাগ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১। অতিরিক্ত সচিব (আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩। মহাপরিচালক (অটিজম সেল) (অতিরিক্ত দায়িত্ব), অটিজম অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৫। মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, তোপখানা রোড, ঢাকা
১৬। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৭। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৮। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
১৯। ব্যাবস্থাপনা পরিচালক, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা।
২০। চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালি, ঢাকা
২১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২২। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬.০৭.২০২৩
(মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৯৫৭৯৮৯
ই-মেইল:monitor@hsd.gov.bd

Doc-E/Ad-4/Suddachar.Letter